

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১১, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
আদেশ

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২৪ নভেম্বর, ২০১৩ খ্রিস্টাব্দ

নং ১৯/মূসক/২০১৩—যেহেতু, বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এবং তদকর্তৃক নিয়োজিত ডিলার কর্তৃক ২.৫ কেজি পর্যন্ত মোড়কজাত বা টিনজাত পিঁয়াজের বিক্রয় ও সরবরাহ প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর প্রযোজ্য রহিয়াছে;

যেহেতু, টিসিবি কর্তৃক পিঁয়াজের মূল্য ও সরবরাহ স্থিতিশীল রাখিতে এবং স্বল্পমূল্যে ক্রেতাদের নিকট পৌঁছানোর লক্ষ্যে প্রতিবছর স্থানীয় বাজার হইতে পিঁয়াজ সংগ্রহ/ক্রয়পূর্বক তাহা নিজস্ব ব্যবস্থাপনায় বা ডিলারদের মাধ্যমে বিক্রয় ও সরবরাহ প্রদান করা হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা ২ এ প্রদত্ত ক্ষমতাবলে টিসিবি বা তৎকর্তৃক নিয়োজিত ডিলার কর্তৃক ২.৫ কেজি পর্যন্ত মোড়কজাতকৃত বা টিনজাত পিঁয়াজের বিক্রয় ও সরবরাহ প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য মূসক হইতে অব্যাহতি প্রদান করিল।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা ০৭ অক্টোবর, ২০১৩ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন  
প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৩৯৫৯)  
মূল্য : টাকা ৪.০০